



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজরোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩২২১১১৮০০২/ ময়মন-২৯৫/ ৩৩৩/২

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৯
০১ ডিসেম্বর ২০২২


বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন কাজির বলসা দাখিল মাদ্রাসার এডহক কমিটি অনুমোদনের বিরুদ্ধে জৈনিক ব্যক্তি কাজী মোশারফ হোসেন অত্র বোর্ডে একটি অভিযোগপত্র দাখিল করেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (৩.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৩.১২.২০২২

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

৩৩৩/২

উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২২১১১৮০০২/ ময়মনসিংহ-২৯৫/ ৩৩৩/২

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৯
০১ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, কাজির বলসা দাখিল মাদ্রাসা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
৫. কাজী মোশারফ হোসেন (অভিযোগকারী), কাজির বলসা দাখিল মাদ্রাসা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।



মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

৩৩৩/২

তারিখ : ০৭ সেপ্টেম্বর, ২০২২।

বরাবর

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা।

মাধ্যম : রেজিস্ট্রার, মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা।

বিষয় : অনিয়মতান্ত্রিক ভাবে অনুমোদিত এডহক কমিটি বাতিল পূর্বক নতুন কমিটি অনুমোদন প্রসঙ্গে।

মহাশয়

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনিত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী কাজী মোশারফ হোসেন, পিতাঃ কাজী হাবিবুর রহমান, গ্রামঃ কাজির বলসা, উপজেলাঃ ঈশ্বরগঞ্জ, জেলাঃ ময়মনসিংহ এই মর্মে জানাইতেছি যে, আমি ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন কাজির বলসা দাখিল মাদ্রাসার আজিবন দাতা সদস্য। কাজির বলসা দাখিল মাদ্রাসার বিভিন্ন অনিয়ম, প্রতারণা ও দূর্নীতির কারণে মাদ্রাসা সুপার সহ কতক ব্যক্তিগণের বিরুদ্ধে প্রতিষ্ঠান নিয়ে দীর্ঘদিন ধরে ঈশ্বরগঞ্জ সিনিয়র সহকারী জজ আদালতে ৩০৫/২০১৮ সন অন্য প্রকার মোকদ্দমা ও জেলা ময়মনসিংহের বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ৪নং আমলী আদালতে ৩৫৯/২০২০ মোকদ্দমাগুলি বর্তমানে বিচারধীন অবস্থায় আছে। গত ২৮/০৮/২০২২ ইং খ্রিঃ বামাশিবো/প্রশা/ ২৩১২২১১১৮০০১/৭০৮৬৫/নথি নং-২৯৫ স্মারকমূলে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এডহক কমিটির অনুমোদন দেওয়া হয়। উক্ত কমিটি অনুমোদনের জন্য মাদ্রাসা সুপার ও এডহক কমিটির সভাপতি কাজী আব্দুল মাজেক পরস্পর যোগসাজসে তথ্য গোপন করিয়া, মামলা মোকদ্দমা নাই বলে মিথ্যা অঙ্গীকার প্রদান করিয়া মাদ্রাসার পরিচালনা বিধি উউমাবি ২০০৯ লংঘন করিয়া অবৈধ ভাবে লাভবান হওয়ার দূরশায় প্রতারণামূলক ভাবে স্থানীয় এমপি মহোদয় এর ডিও লেটার ব্যতিত মহোদয়কে পাশ কাটিয়ে অবৈধ প্রক্রিয়ায় কমিটি অনুমোদনের জন্য বোর্ডে প্রেরণ করিয়া কমিটি অনুমোদন করায়। ইতিপূর্বে আরো কয়েকবার বেআইনী প্রক্রিয়ায় কমিটি অনুমোদন করানোর জন্য প্রতিষ্ঠানে বিভিন্ন জটিলতার সৃষ্টি হয়। উল্লেখ্য যে, উপরোক্ত ব্যক্তিগণ ও সুপার মহোদয় এর বিরুদ্ধে ২৬/১১/২০২০ খ্রিঃ তারিখে আবেদন আইডি ২৩৩২০১১১৮০০১ মূলে মাননীয় চেয়ারম্যান বরাবর একটি অভিযোগ দায়ের করা হয়। মাদ্রাসা সুপার ও তার সহযোগী ব্যক্তিগণ প্রকৃত সত্য ও তথ্য গোপন করিয়া ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার দূরশায় সুপার মহোদয় অযোগ্য ব্যক্তিকে এডহক কমিটিতে অন্তর্ভুক্ত করিয়া কমিটি গঠন করিয়াছে। মাদ্রাসা সুপার ও তাহার সহযোগী ব্যক্তিগণ দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠানটিকে নিজেদের আয় উপার্জনের মাধ্যম হিসেবে ব্যবহার করার জন্য বারবার বিধি সম্মত প্রক্রিয়া অবলম্বন না করে অন্যায়ভাবে লাভবান হওয়ার জন্য অসাধু পন্থা গ্রহণ করিয়া আসিতেছে। ২৮/০৮/২০২২ ইং খ্রিঃ বামাশিবো/প্রশা/ ২৩১২২১১১৮০০১/৭০৮৬৫/নথি নং-২৯৫ স্মারকমূলে গঠিত কমিটি অবৈধ, বেআইনী, বিধি বহির্ভূত ও প্রতারণামূলক ভাবে স্থানীয় এমপি মহোদয়, স্থানীয় প্রশাসন ও এলাকাবাসীকে পাশ কাটিয়ে অনুমোদন করানো উক্ত কমিটি তদন্ত পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিনিত আবেদন জানাচ্ছি।

অতএব মহোদয় সমীপে আকুল আবেদন, উপরোক্ত বিষয়ে তদন্ত পূর্বক বর্তমান এডহক কমিটি বাতিল পূর্বক পুনরায় কমিটি অনুমোদন দানের যথাযথ ব্যবস্থা গ্রহণে মর্জি হয়।

বিনিত নিবেদক

কাজী মোশারফ হোসেন

(কাজী মোশারফ হোসেন)

পিতাঃ কাজী হাবিবুর রহমান

গ্রামঃ কাজির বলসা, ডাকঘরঃ উচাখিলা

ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

মোবাইল : ০১৭২২-৯২৭৪৯৬